

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৮১.৩৬.০০০৪.২০(অংশ-১)- ৮২

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২০ মে ২০২৬

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম- এর আওতাভুক্ত “পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস স্কিম” এর আওতায় উপজেলা/থানা পর্যায়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে “Startup, Science Project and Innovation Idea Showcasing” প্রোগ্রাম আয়োজন।

সূত্র: মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর গত ১৪ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে শিক্ষার্থীদের “সৃজনশীলতা ও বিশ্লেষণধর্মী চিন্তা সৃষ্টিতে গুরুত্বারোপ” এবং “সুশিক্ষায় মেধাবী শিক্ষক” কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি)- এর আওতাভুক্ত “পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই) স্কিম” -এর মাধ্যমে “উদ্ভাবনী মেধাবী শিক্ষার্থী পুরস্কার” এবং “সুশিক্ষায় মেধাবী শিক্ষক পুরস্কার” প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে উপজেলা/থানা পর্যায়ে এবং পরবর্তীতে জেলা পর্যায়ে “Startup, Science Project and Innovation Idea Showcasing for Secondary level Students and Teachers” প্রোগ্রাম আয়োজন করে বিজয়ী শিক্ষার্থী ও শিক্ষক নির্বাচন করা হবে। জেলা থেকে নির্বাচিত বিজয়ী শিক্ষার্থী এবং উপজেলা থেকে নির্বাচিত শিক্ষকদের অংশগ্রহণে জাতীয় পর্যায়ে “Startup, Science Project and Innovation Idea Showcasing for Secondary level Students and Teachers” শীর্ষক প্রোগ্রাম আয়োজন করে নির্বাচিত শিক্ষার্থী ও শিক্ষকদের পুরস্কার প্রদান করা হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে নির্বাচিত শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে পুরস্কার বিতরণের পরিকল্পনা রয়েছে। জাতীয় পর্যায়ে পুরস্কার বিতরণ অনুষ্ঠান জুন মাসের শেষ সপ্তাহে আয়োজন করা হবে। উল্লিখিত পুরস্কার প্রদানের লক্ষ্যে পত্রের সাথে সংযুক্ত ধাপসমূহ অনুসরণপূর্বক শিক্ষার্থী ও শিক্ষক নির্বাচন করে তালিকার সফটকপি ও হার্ডকপি জেলা প্রশাসকের স্বাক্ষরসহ স্ক্যান করে পিবিজিএসআই স্কিমের ইমেইলে (pbgaward2026@gmail.com) ১৬/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১. শিক্ষার্থী ও শিক্ষক নির্বাচন এবং জাতীয় পর্যায়ে অনুষ্ঠান আয়োজনের ধাপসমূহ;
২. “Startup, Science Project and Innovation Idea” সংক্রান্ত ধারণাপত্র;
৩. উপজেলা, জেলা ও মহানগরীর শিক্ষা থানা পর্যায়ের নির্বাচন কমিটি;
৪. নির্বাচিত শিক্ষার্থী ও শিক্ষক তালিকা ছক;
৫. জাতীয় প্রোগ্রামে অংশগ্রহণের জন্য USEO এবং DEO -দের তথ্যাদি সমন্বিত ছক;
৬. উপজেলা, শিক্ষা থানা ও জেলা পর্যায়ের অনুষ্ঠান আয়োজনের ব্যয়বিবরণী।

২০/০৫/২০২৬

(দীপায়ন দাস শূভ)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী
www.deo.rajshahi.gov.bd

স্মারক নং : জেশিঅ/রাজ/ ১২৬(২২)

তারিখ : ২৪/০৫/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
 - ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
 - ৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (বাগমারা/দুর্গাপুর/পুঠিয়া/বাঘা/চারঘাট/গোদাগাড়ী/তানোর/পবা/মোহনপুর/মতিহার/বোয়ালিয়া), রাজশাহী।
- সংযুক্ত পত্রের মর্মানুযায়ী আপনার আওতাধীন উপজেলা/থানার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৪। অফিস নথি।

(মো: জায়েদুর রহমান)
জেলা শিক্ষা অফিসার
রাজশাহী